# বার্ষিক প্রতিবেদন ২০২৩-'২৪



# রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

নওদাপাড়া (বাইপাস রোড), সপুরা, শাহমখদুম, রাজশাহী- ৬২০৩।
ফোন: ০২৫৮৮ ৮০৩০৪৪, ই-মেইল: rmpi2003@gmail.com, ওয়েব: www.rmpi.polytech.gov.bd

# রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

ভূমিকা:

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কারিগরি শিক্ষার ভূমিকা অনস্বীকার্য। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ ও পেশাদার ও কারিগরি শিক্ষায় শিক্ষিত জনশক্তির কোনো বিকল্প নেই। এই সব বিষয় বিবেচনায় রেখেই ১৯৯৮ সালে তৎকালীন সরকার একনেক বৈঠকে 'বিভাগীয় শহরে তিনটি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প' অনুমোদন করেন। তারই ধারাবাহিকতায় ২০০৩ সালে ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আই.ডি.বি) এর আর্থিক সহায়তায় বিভাগীয় শহর চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীতে এই প্রকল্পের নির্মান কাজ শুরু হয়। ২০০৬ সালের ১৩ সেপ্টেম্বর তৎকালীন প্রধানমন্ত্রী রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট উদ্বোধন করেন। এই ইনস্টিটিউট-এ প্রথম ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেন জনাব এ কে এম আমির হোসেন সরকার। পরবর্তীতে ২০০৬ সালের ০১ জুন হতে অধ্যক্ষের দায়িত্ব পালন করেছেন জনাব মোঃ ওমর ফারুক। বর্তমানে ১৬.০৫.২০২৪খ্রি. তারিখ হতে প্রকৌশলী মোঃ মিজানুর রহমান অধ্যক্ষ হিসেবে কর্মরত আছেন।

প্রথম বছরে (২০০৫-২০০৬ শিক্ষাবর্ষে) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ১৫৪ জন শিক্ষার্থী নিয়ে সাম্প্রতিক তথ্য প্রযুক্তি ও চাহিদার নিরিখে আন্তর্জাতিক মানের প্রণীত পাঠ্যক্রম অনুসারে বিপুল উৎসাহ এবং উদ্দীপনার মধ্য দিয়ে আন্তরিক পরিবেশে এই প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম শুরু হয়। সমাজ ও রাজনীতি সচেতন বিশিষ্ট ব্যক্তিবর্গের সক্রিয় প্রচেষ্টায় ও আন্তরিকতায় প্রতিষ্ঠিত সম্পূর্ণ অরাজনৈতিক কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট সফলতার ১৯তম বছর শেষ করে ২০তম বছরের পথ চলছে। বর্তমানে এই প্রতিষ্ঠানে মোট শিক্ষার্থী সংখ্যা প্রায় ১০০০ জন (২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১৯৬জন সহ)।

অবস্থান:

শিক্ষানগরী রাজশাহীতে সম্প্রতি নির্মিত এই কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান নগরীর নওদাপাড়া বাইপাসে (আম চত্ত্বর ও নতুন বাস টার্মিনালের মাঝামাঝি), রাজশাহী শহরের কেন্দ্র হতে আট কিলোমিটার উত্তর-পূর্ব দিকে অবস্থিত।

কর্তৃত্ব:

রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট দেশের অন্য ৪৯টি পলিটেকনিক ও মনোটেকনিকের মতোই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় এর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন, যার কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের মান প্রনয়ন, নিয়ন্ত্রন, মূল্যায়ন ও উন্নয়ন-এর সার্বিক দায়িত্ব বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত।

কার্যক্রম:

৪ বছর মেয়াদী "ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্স":

দেশের সামগ্রিক উন্নয়নের জন্য কারিগরি শিক্ষায় শিক্ষিত দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রণিত আন্তর্জাতিক মানসম্পন্ন ও যুগোপযোগী কারিগরি শিক্ষা কর্মসূচী বাস্তবায়ন করাই এই প্রতিষ্ঠানের মূল লক্ষ্য। এই লক্ষ্য বাস্তবায়নে বর্তমানে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে ৪টি টেকনোলজিতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। টেকনোলজিগুলো হলো-

- আর্কিটেকচার টেকনোলজি (আসন সংখ্যা ৫০ + ৫০ = ১০০জন),
- কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি (আসন সংখ্যা ৫০ + ৫০ = ১০০জন),
- ইলেকট্রিক্যাল টেকনোলজি (আসন সংখ্যা ১০০ + ১০০ = ২০০জন) এবং
- ফুড টেকনোলজি (আসন সংখ্যা ৫০ + ৫০ = ১০০জন)।

## শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী:

| সময়কাল | রাজস্বভুক্ত শিক্ষক | লাইব্রেরিয়ান (৯ম গ্রেড) | রেজিস্ট্রার (৯ম গ্রেড) | স্টেপ প্রকল্পের শিক্ষক | ক্রাফট ইন্সট্রাক্টর | ল্যাব সহকারী | তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী | খণ্ডকালীন শিক্ষক | মোট জনবল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫/১০/২০২৩ | ২৪ | ০১ | ০১ | ০৯ | ৩৮ | ০২ | ১৮ | ১১ | ১০২ |
| ১৫/১০/২০২৪ | ২৯ | ০১ | ০১ | ০৯ | ৩৭ | ০৩ | ১৯ | ০৮ | ১১২ |

এ ছাড়াও খন্ডকালীন ইমাম : ০১ জন, খন্ডকালীন ড্রাইভার : ০১ জন ও খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী : ০৩ জন

### অবকাঠামো:

মোট ২ একর জায়গার উপর নির্মিত এই শিক্ষা প্রতিষ্ঠানটি ৫টি ভবন (প্রশাসনিক, একাডেমিক, ওয়ার্কসপ-১, ওয়ার্কসপ-২ ও ১৪৮ আসন বিশিষ্ট ছাত্রী নিবাস) নিয়ে নির্মিত এই শিক্ষা প্রতিষ্ঠানটির নির্মানশৈলী ও স্থাপত্যশিল্প আধুনিক ও দৃষ্টিনন্দন।

### হোস্টেল:

ইনস্টিটিউটের মূল ভবনের পূর্বপাশে রয়েছে ১৪৮ আসন বিশিষ্ট ৪তলা ছাত্রী নিবাস। ছাত্রীদের মেধা ও স্থায়ী ঠিকানা হতে ইনস্টিটিউটের দূরত্ব বিবেচনা করে ছাত্রীদের মাঝে আসন বরাদ্দ দেয়া হয়।

### আবাসন ব্যবস্থা:

এই ইনস্টিটিউটে কর্মচারীদের জন্য ৪ ইউনিটের একটি ২ তলা স্টাফ কোয়ার্টার রয়েছে। এছাড়া ইনস্টিটিউটের পূর্ব-দক্ষিণ কোনে অধ্যক্ষ এবং হোস্টেল সুপারের জন্য একটি ২তলা কোয়ার্টার রয়েছে।

### খেলার মাঠ:

ইনস্টিটিউটে কোন আলাদা খেলার মাঠ নেই। তবে, মূল ভবন চারটির মাঝে প্রায় ১০০০০ বর্গফুটের একটি খোলা স্থান খেলার মাঠ হিসেবে ব্যবহার করা হচ্ছে। এই মাঠে সংক্ষিপ্ত পরিসরে ফুটবল, ক্রিকেট সহ ভলিবল, ব্যাডমিন্টন ও অন্যান্য বহিঃকক্ষ খেলার ব্যবস্থা রয়েছে।

### লাইব্রেরী:

সাম্প্রতিক তথ্য সম্বলিত পাঠ্য ও রেফারেন্স উপকরণ নিয়ে গড়া একটি লাইব্রেরী রয়েছে এই প্রতিষ্ঠানে। বর্তমান প্রযুক্তি ও শিক্ষা সহায়ক জার্নাল সহ পাঠ্য ও রেফারেন্স বইগুলো ছাত্রীসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা ব্যবহার করতে পারে। ইনস্টিটিউট খোলা থাকাকালীন সময়ে এখানে বসে পড়াশোনা করা যায়। একসাথে প্রায় ৫০ জন এখানে বসে পড়তে পারে। বর্তমানে এই লাইব্রেরীর সংগ্রহ সংখ্যা প্রায় ৫০০০।

### ২০২৩ সালে শিক্ষার্থীদের আবাসন ব্যবস্থাপনার তথ্যাদিঃ

| সেশন | হোস্টেলে সিটের জন্য আবেদনকারীর সংখ্যা | বরাদ্দের সংখ্যা |
|---|---|---|
| ২০২৩-২০২৪ | ১০৭ | ৪২ |
| ২০২৪-২০২৫ | ৭৫ | ০০ |

## একাডেমিক কার্যাবলীঃ

ক। ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে অত্র ইন্সটিটিউটে ১ম পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্যঃ

| সেশনঃ ২০২৩-২০২৪ | | সেশনঃ ২০২৪-২০২৫ | |
|---|---|---|---|
| টেকনোলজি | ভর্তি শিক্ষার্থীদের সংখ্যা | টেকনোলজি | ভর্তি শিক্ষার্থীদের সংখ্যা |
| আর্কিটেকচার | ৮০ | আর্কিটেকচার | ৩৬ |
| কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি | ৯২ | কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি | ৯৬ |
| ইলেক্ট্রিক্যাল | ১১২ | ইলেক্ট্রিক্যাল | ৪২ |
| ফুড | ৩৪ | ফুড | ১৯ |
| মোট: | ৩১৮ | মোট: | ১৯৩ |

খ। অত্র ইন্সটিটিউটের মোট শিক্ষার্থী তথ্য:

| সেমিস্টার | ১ম | | ২য় | | ৪র্থ | | ৬ষ্ঠ | | ৮ম | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| শিফট | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় |
| আর্কিটেকচার | ৩৩ | ০৩ | ৩৫ | ১৭ | ৩৯ | ২৫ | ১৯ | ০৪ | ৩৭ | ০৬ |
| কম্পিউটার | ৫০ | ৫০ | ৪০ | ৪৫ | ৪৫ | ৩৩ | ৪১ | ৩৬ | ৩৯ | ৩৭ |
| ইলেকট্রিক্যাল | ৩৬ | ০৫ | ৬৬ | ১৭ | ৫৬ | ২১ | ২৪ | ০০ | ২০ | ০১ |
| ফুড | ১৮ | ০১ | ২১ | ০৩ | ২৩ | ০৫ | ১১ | ০৮ | ১৬ | ০০ |
| মোট: | ১৩৭ | ৫৯ | ১৬২ | ৮২ | ১৬৩ | ৮৪ | ৯৫ | ৪৮ | ১১২ | ৪৪ |

**মোট শিক্ষার্থী সংখ্যা: ১০০২ জন**

গ। ৮ম সেমিস্টারের ফলাফল

| টেকনোলজি | মোট পরীক্ষার্থী | উত্তীর্ণ | রেফার্ড |
|---|---|---|---|
| কম্পিউটার | ৬৮ | ৬৭ | ০১ |
| ইলেক্ট্রোনিক্স | ২১ | ২১ | ০০ |
| ইলেক্ট্রোমেডিক্যাল | ১০ | ১০ | ০০ |
| আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন | ৪৬ | ৪৫ | ০১ |
| ফুড | ১৭ | ১৭ | ০০ |
| মোট: | ১৬২ | ১৬০ | ০২ |

ঘ। শিল্প কারখানায় সংযুক্তি:

ইলেক্ট্রমেডিক্যাল সহ ৫টি টেকনোলজির মোট ১৭৩ জন শিক্ষার্থী বিভিন্ন শিল্প কারখানায় সংযুক্তিতে ইন্টার্ণশীপ চলমান রয়েছে।

## জাতীয় দিবস সমুহ উদযাপন:

অত্র ইনস্টিটিউটে ২০২৩-২৪ সালে যথাযোগ্য ভাবগাম্ভীর্য ও গুরুত্বের সাথে রাষ্ট্রীয় নির্দেশনা মোতাবেক সকল জাতীয় দিবস উদযাপন করা হয়েছে। জাতীয় অনুষ্ঠানসমূহে আমন্ত্রিত অতিথিবৃন্দ, উপস্থিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রয়োজনীয় বক্তব্য ও নির্দেশনা প্রদান করেন।

## ১৪ ডিসেম্বর ২০২৩ শহীদ বুদ্ধিজীবি দিবস উদযাপন:

১৪ ডিসেম্বর ২০২৩ শহীদ বুদ্ধিজীবি দিবস উপলক্ষে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।




## ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উদযাপন:

১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উপলক্ষে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে আয়োজন করা হয় চিত্রাঙ্কণ, রচনা,আবৃত্তি ও ক্রীড়া প্রতিযোগীতা। ঐ দিন আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শণী শেষে বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।





## ২১ ফেব্রুয়ারি ২০২৪ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন:

২১ফেব্রুয়ারি ২০২৪ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সকালে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে প্রভাতফেরী অয়োজন করা হয়। এছাড়া ভাষা শহীদদের স্মরণে অনুষ্ঠিত হয় আলোচনা সভা ও দোয়া মাহফিল।



**ঐতিহাসিক ৭ মার্চ দিবস:**

ঐতিহাসিক ৭ মার্চ দিবস রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট কর্তৃক আলোচনা সভা ও প্রামাণ্য চিত্র প্রদর্শণী সহ আবৃত্তিও বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ প্রতিযোগীতার আয়োজন করা হয়।




**২৫ মার্চ গণহত্যা দিবস:**

২৫ মার্চ ২০২৩ গণহত্যা দিবস উপলক্ষ্যে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে মোমবাতি প্রজ্জ্বলন করা হয় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয় এবং একই সাথে মহান মুক্তিযুদ্ধে শহীদদের স্মরণে দোয়া ও ইফতার মাহফিল আয়োজিত হয়।





**২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উদযাপন:**

২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে আলোচনা সভা, প্রামাণ্য চিত্র প্রদর্শনী সহ ছাত্রীদের রচনা প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়।





**অন্যান্য দিবস সমূহ উদযাপন:**

**শ্রেষ্ঠত্ব অর্জন উদযাপন ও সংবর্ধনা অনুষ্ঠান:**

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩ এ বিভিন্ন ক্যাটাগরিতে একাধিক পুরস্কার অর্জনের মাধ্যমে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট অনন্য সম্মান অর্জন করে।

আমাদের অর্জনসমূহঃ

| ক্যাটাগরি | অর্জনকারী |
|---|---|
| দেশের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কারিগরি) | রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সস্টিটিউট |
| রাজশাহী বিভাগের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (কারিগরি) | জনাব মোঃ ওমর ফারুক, অধ্যক্ষ, রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট |
| রাজশাহী জেলার শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক (কারিগরি) | জনাব শিল্পী রাণী সাহা, ফিজিক্যাল ইন্সট্রাক্টর, রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট |
| রাজশাহী বিভাগের শ্রেষ্ঠ শিক্ষার্থী (কারিগরি) | শুক্লা রাণী ঘোষ, ৩য় পর্ব, কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি |
| রাজশাহী জেলার শ্রেষ্ঠ আবৃত্তি শিল্পী (কলেজ ক্যাটাগরি) | রিজিয়া রহমান মেধা, ৭ম পর্ব, আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন। |









২৬-০৯-২০২৩ তারিখে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩-এ প্রতিষ্ঠানের শ্রেষ্ঠত্ব অর্জন উদযাপন ও সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ডা. জুবাইদা আয়েশা সিদ্দীকা,অধ্যক্ষ, রাজশাহী সরকারি মহিলা কলেজ। বিশেষ অতিথি : প্রফেসর ডা. হাসনা আরা বেগম , অধ্যাপক , রাজশাহী কলেজ। সভাপতি: জনাব মোঃ ওমর ফারুক, অধ্যক্ষ, রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট।




**বরণ ও বিদায় অনুষ্ঠান:**

* বছরের শুরুতেই (১৫-০১-২০২৪) নতুন নিয়োগ, পদোন্নতি ও বিদায় জনিত কারণে শিক্ষক ও কর্মচারীবৃন্দের বরণ ও বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।





** ১৬ই মে ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে অত্র ইনস্টিটিউটের অধ্যক্ষ পদে যোগদান করেন প্রকৌশলী মোঃ মিজানুর রহমান। তাঁকে এবং সদ্য যোগদানকৃত দুইজন উপাধ্যক্ষ প্রকৌশলী মোঃ মোক্তার হোসেন এবং প্রকৌশলী মোঃ মনিরুল হক কে ইনস্টিটিউটের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেওয়া হয়।




*** ৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে অত্র ইনস্টিটিউট হতে বদলিকৃত ভারপ্রাপ্ত অধ্যক্ষ (মূলত চীফ ইন্সট্রাক্টর-ননটেক) জনাব মোঃ ওমর ফারুক এবং কম্পিউটার টেকনোলজির দুইজন চীফ ইন্সট্রাক্টর জনাব সেলিম আহমেদ ও জনাব মোঃ আমিনুল ইসলাম কে বদলিজনিত বিদায়ী শুভেচ্ছা প্রদান করা হয়।





পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষ্যে দোয়া ও মিলাদ মাহফিল:

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষ্যে দোয়া ও মিলাদ মাহফিল। প্রধান আলোচক: মাওলানা মোঃ আরিফুল ইসলাম, উপাধ্যক্ষ, বশিরাবাদ দাওয়াতুল ইসলাম আলিম মাদ্রাসা। সভাপতি: জনাব মোঃ ওমর ফারুক, অধ্যক্ষ, রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট।







বাণী অর্চণা:

শ্রী শ্রী সরস্বতি পূজা উপলক্ষ্যে অত্র প্রতিষ্ঠানে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের উপস্থিতিতে বাণী অর্চণা অনুষ্ঠিত হয়।





সহ-শিক্ষা কার্যক্রম- রোভারিং:

১৪-১১-২০২৩ তারিখে বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠান-২০২৩ অনুষ্ঠিত হয়। আয়োজক:গার্লস ইন রোভার ইউনিট, রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট।







ক্রীড়া ও সাংস্কৃতিক সপ্তাহ ২০২৪:

৩০-০১-২০২৪ অত্র প্রতিষ্ঠানে ক্রীড়া ও সাংস্কৃতিক সপ্তাহ ২০২৪ এর উদ্বোধন করা হয়।





**অভিভাবক সমাবেশ ও ছাত্রীদের ওরিয়েন্টেশন:**

২৯-১১-২০২৩ তারিখে অত্র ইনস্টিটিউটের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত প্রথম বর্ষের শিক্ষার্থীদের করে নেয়া হয় ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়।স্মাট







**স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ শীর্ষক মতবিনিময় সভা:**

০৭-০২-২০২৪ রাজশাহী বিভাগের আওতাধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান প্রধাণদের সাথে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় রাজশাহী মহিলা পরিটেকনিক ইনস্টিটিউটে। উক্ত সভায় প্রধান অতিথি ছিলেন জনাব মুহিবুল হাসান চৌধূরী, মাননীয় শিক্ষা মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়। বিশেষ অতিথি: জনাব সামসুর রহমান খান (অতিরিক্ত সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; জনাব মোঃ আলী আকবর খান, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা; প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ও জনাব মোঃ নূর আলম সিদ্দিকী, উপ পুলিশ কমিশনার (শাহ্মখদুম), রাজশাহীমেট্রোপলিটন পুলিশ। সভাপতি ছিলেন ড. ফরিদ উদ্দিন আহমেদ, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।







**বিভাগীয় স্কিলস এন্ড ইনোভেশন কম্পিটিশন ২০২৩:**

এসেট প্রকল্পের আওতাধীন বিভাগীয় স্কিল এন্ড ইনোভেশন কম্পিটিশন ২০২৩ এ রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের ডায়ারস, ইন্টারন্যাশনাল অনলাইন মার্কেটপ্লেস ওয়েব এপ্লিকেশন প্রকল্পটি ২য় রানার আপ হয়।



বর্ষবরণ ১৪৩১:

পহেলা বৈশাখ ১৪৩১ উপলক্ষ্যে রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে আনন্দ শোভাযাত্রা আয়োজন করা হয়।






কারিগরি শিক্ষা সপ্তাহ ২০২৪:

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৪এর উদ্বোধন অনুষ্ঠান আয়োজিত হয় রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে। বর্ণাঢ্য র‍্যালী উদ্বোধন করেন প্রধান অতিথি: অধ্যক্ষ মোঃ শফিকুর রহমান বাদশা এম পি;মাননীয় সংসদ সদস্য (রাজশাহী-২)। বিশেষ অতিথি ছিলেন আলহাজ্বমোঃ শাহাদাত আলী শাহু,কাউন্সিলর ওয়ার্ড-১৭,রাজশাহী সিটি কর্পোরেশন






কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৪ উপলক্ষ্যে ৩০-০৪-২০২৪ অত্র প্রতিষ্ঠানে "কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার মাধ্যমে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা ও ভিশন ২০৪১ এর লক্ষ্যমাত্রা অর্জন শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনাওে প্রধান অতিথি ছিলেন প্রফেসর ড.মোঃ জাহাঙ্গীর আলম;উপাচার্য,রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। বিশেষ অতিথি ছিলেন ড. শামিম আনোয়ার , প্রফেসর, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।





০২-০৫-২০২৪ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৪ এর সমাপনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব সামসুর রহমান খান (অতিরিক্ত সচিব)কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;শিক্ষা মন্ত্রনালয়।





ওয়ার্কসপ, সেমিনার ও কর্মশালাঃ

ইন হাউস প্রশিক্ষণ:

১।আর্কিটেকচার ও ইনটেরিয়র ডিজাইন টেকনলজির শিক্ষক কর্মকর্তা ও কর্মচারী বৃন্দের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে Robotic (Motorized) Total Station & All Civil Equipment with processing Work এর উপর ৩ দিন ব্যপি(১০-৭-২০২৩ হতে ১২-০৭-২০২৩) ইন হাউস প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।





২। "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কারিগরি শিক্ষার ভূমিকা" শীর্ষক কর্মশালা অত্র প্রতিষ্ঠানে ২৩-০৯-২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধাণ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব কামাল হোসেন, সিনিয়র সচিব ,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়।





৩।কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার মান উন্নয়নে করণীয় শীর্ষক কর্মশালা অত্র প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হয় ৩১-০৩-২০২৪ তারিখে।উক্ত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন জনাব মোহাম্মদ মিকাইল,উপসচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়।





## প্রতিষ্ঠান পরিদর্শণ:

১।২২.০৭.২০২৩ তারিখে এ্যাসেট প্রকল্প পরিচালক মহোদয় রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট পরিদর্শন করেন।







পরবর্তীতে ১৯-১২-২০২৩ তারিখ তিনি পুনরায় অত্র প্রতিষ্ঠান ও ল্যাব পরিদর্শণ করেন।







২। ২৪-১১-২০২৪ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব জনাব নজরুল ইসলামের সহিত অত্র প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী বৃন্দেও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।





৩। ১৯-১২-২০২৩ তারিখ প্রতিষঠান পরিদর্শণ করেন জনাব হাফিজুর রহমান, আঞ্চলিক পরিচালক, রাজশাহী অঞ্চল, কারিগরি শিক্ষা অধিদপ্তর।




**তথ্য সেবা প্রদানঃ**

**প্রতিষ্ঠানের সিটিজেন চার্টার অনুযায়ী সকল সেবা প্রদান করা হয়।**

২০২৩-২৪ সালে গৃহীত উল্লেখযোগ্য কার্যাবলী:

১. সুপেয় পানির ব্যবস্থা করণ: ইনস্টিটিউটের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য সুপেয় পানির ব্যবস্থা করণের লক্ষ্যে দুইটি রিও ওয়াটার ফিল্টার স্থাপন করা হয়।

২. ২২ টি ক্লাসরুম ও ল্যাবে ইন্টারএ্যাকটিভ ফ্ল্যাট প্যানেল স্থাপন করা হয়েছে।

৩. ইনস্টিটিউটের সামনে রাস্তার পাশের জায়গাটি পরিষ্কার করে ঘিরে নিয়ে সেখানে ফুলবাগান করার লক্ষ্যে কার্যক্রম শুরু করা হয়।

৪. শিক্ষক শিক্ষার্থীদের সুবিধা বিবেচনা করে দোতলার পূর্ব ব্লকে একটি আইসিটি সেল গঠন করা হয়। ২৫ টি ডেস্কটপ কম্পিউটার একটি প্রিন্টার ও একটি দ্রুতগতি সম্পন্ন ফ্লাট বেড স্ক্যানার এই সেলে সেবা প্রদানের জন্য ইন্সটল করা হয়।

৫. একাডেমিক প্রশাসনিক কার্যক্রম কে গতিশীল করার লক্ষ্যে কিছু দপ্তর এর কক্ষ পুণঃবন্টন করা হয়।